# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/ ৭৬৯ তারিখ : ০৬/১২/২০১৫

**বিষয় : ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ( এসএসসি) পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, তাঁর জেলাধীন ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (**এসএসসি**) পরীক্ষার জন্য নির্বাচিত প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য " কেন্দ্র কমিটি" নামে কম পক্ষে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছাত্র/ছাত্রী প্রেরণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই "কেন্দ্র কমিটির" সদস্য হবেন। উক্ত কমিটি গঠন করে আগামী ২০/০১/২০১৬ তারিখের মধ্যে কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্র উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

১। **" কেন্দ্র কমিটি" নিম্নরূপভাবে গঠন করতে হবে :**

(ক) চেয়ারম্যান: জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা অথবা প্রথম শ্রেণির একজন কর্মকর্তা।

(খ) সদস্যবৃন্দ :

(অ) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)

(আ) বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। প্রয়োজনবোধে স্থানীয় মহাবিদ্যালয়সমূহের অধ্যক্ষগণও সদস্য হতে পারবেন।

(ই) শিক্ষায় আগ্রহী স্থানীয় ব্যক্তিগণ " কেন্দ্র কমিটির" চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।

(ঈ) কেন্দ্র কমিটি" নিম্ন বর্ণিত নিয়মে তার সচিব নির্বাচন করবেন।

জেলা সদর কেন্দ্রে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। জেলা সদর ব্যতীত অন্যান্য পরীক্ষা কেন্দ্রে যেখানে সরকারি স্কুল আছে সেখানে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। যেখানে সরকারি স্কুল নেই সেখানে মূল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানই কেন্দ্র সচিব হবেন। প্রয়োজনে জেলা শিক্ষা অফিসার / উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ ১ম শ্রেণির যে কোন কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার সন্তান পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

২। **কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কর্তব্য :**

(ক) কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। যদি অনিবার্য কারণে কোন চেয়ারম্যান ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্তব্য পালনে অসমর্থ হন তাহলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ রাখতে হবে যেন কোন উচ্চপদস্থ কর্মকর্তা কোন নিম্নপদস্থ কর্মকর্তার অধীনে নিযুক্ত না হন। (কেন্দ্র সচিবদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

(খ) (অ) ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হতে যে সমস্ত গোপনীয় কাগজপত্র গ্রহণ করবেন সেগুলো নিরাপদ হেফাজতে রাখবেন এবং পরীক্ষা পরিচালনায় নিয়মানুযায়ী ঐ সব কাগজপত্র কেন্দ্র সচিবসহ নির্ধারিত দিনে পরীক্ষা কেন্দ্রে বিতরণের ব্যবস্থা করবেন।

(আ) ভারপ্রাপ্ত কর্মকর্তা সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ও তদারকি করবেন।

(ই) তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশানুসারে পরীক্ষার্থীদের উত্তরপত্র নিরাপদে বোর্ডে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কেন্দ্র সচিবকে পরামর্শ দেবেন।

(ঈ) তিনি কক্ষ প্রত্যবেক্ষক ও পরীক্ষা পরিচালনায় নিয়োজিত স্কুল শিক্ষক,কর্মকর্তা/কর্মচারীগণ কেন্দ্রের নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(উ) সকল বিষয়ের পরীক্ষা শেষে তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পরীক্ষা পরিচালনা সম্পর্কিত একটি সামগ্রিক প্রতিবেদন পেশ করবেন।

(ঊ) ভারপ্রাপ্ত কর্মকর্তা জেলা প্রশাসক না হলে তিনি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করে কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করবেন। কক্ষ পরিদর্শক নিয়োগের সময় লক্ষ রাখতে হবে যেন কেন্দ্রাধীন কোন বিদ্যালয়ের শিক্ষক ঐ বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কক্ষে প্রত্যবেক্ষকের দায়িত্বে নিয়োগ না হন।

(এ) যে সকল কেন্দ্রে বা ভবনে সাধারণ লোকের অনুপ্রবেশের আশংকা রয়েছে সে সকল স্থানের চারদিকে ২০০ গজের মধ্যে একা বা দলবদ্ধভাবে চলাচল নিষিদ্ধ করে ১৪৪ ধারা জারি করবেন।

(ঐ) **পরীক্ষা শুরুর আগের দিন কেন্দ্র সচিব বা তাঁর প্রতিনিধিকে নিয়ে ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে "প্রশ্নপত্রের বিবরণ তালিকা" সঠিকভাবে যাচাই করতে হবে এবং কোনরূপ গরমিল থাকলে ঐ দিনই দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।**

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৩। **কেন্দ্রের পালনীয় কর্তব্য :**

(ক) কেন্দ্রের ব্যয়ভার কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

(খ) পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদের স্বাস্থ্য সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য একজন মেডিকেল অফিসার নিয়োগ করতে হবে।

(গ) মূল কেন্দ্রে পরীক্ষার্থীদের আসন সংকুলান না হলে নিকটতম কলেজ/স্কুল/মাদরাসায় আসন ব্যবস্থা করা যেতে পারে। তবে লক্ষ রাখতে হবে যেন কোন বিদ্যালয়ের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজ বিদ্যালয়ে না হয়।

(ঘ) ৫ ফুট/ ৬ ফুট দীর্ঘ প্রতি বেঞ্চে ০২ (দুই) জনের আসন ব্যবস্থা করতে হবে। ৪ ফুট অথবা ছোট বেঞ্চ হলে ০১ (এক) জনের আসন ব্যবস্থা করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যতিক্রম করা যাবে না।

(ঙ) প্রতি ভবনের জন্য ০১ (এক) জন সহকারি সচিব, ০১(এক) জন হল সুপার, প্রতি ২০ (বিশ) জন পরীক্ষার্থীর জন্য ০১ (এক) জন কক্ষ প্রত্যবেক্ষক অবশ্যই নিয়োগ করতে হবে।

(চ) কেন্দ্র সচিব, হল সুপার, কক্ষ প্রত্যবেক্ষক ও অন্যান্য কর্মকর্তাদের পালনীয় দায়িত্ব ও কর্তব্য সম্বলিত সহায়িকা এবং পরীক্ষা পরিচালনার নিয়মাবলি সম্বলিত একটি পুস্তিকা পরবর্তী সময়ে প্রত্যেক কেন্দ্রে প্রেরণ করা হবে।

বিশেষ দ্রষ্টব্য : জেলাধীন কেন্দ্র তালিকা সংযোজিত।

**ড. শ্রীকান্ত কুমার চন্দ**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : জেলা প্রশাসক,
ঢাকা বোর্ডের আওতাধীন সকল জেলা।

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/ ৭৬৯ তারিখ : ০৬/১২/২০১৫

জ্ঞাতার্থে:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পুলিশ সুপার, ঢাকা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪। প্রধান শিক্ষক/কেন্দ্র সচিব, এসএসসি পরীক্ষা কেন্দ্র - ২০১৬।
৫। অফিস কপি।

**তপন কুমার সরকার**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০০৭১